# বাণিজ্য উপদেষ্টাকে জুলাই হত্যা মামলা থেকে অব্যাহতি দিলেন আদালত



সংগৃহীত ছবি

ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. জামসেদ আলম মঙ্গলবার (২৫ নভেম্বর) ভারগো গার্মেন্টস কোম্পানির 'এক্সিকিউটিভ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার' মো. সোহান শাহ হত্যা মামলার বাণিজ্য উপদেষ্টা শেখ বশির উদ্দিনকে অব্যাহতির আদেশ দেন।

গত ২৪ নভেম্বর মামলার তদন্তকারী কর্মকর্তা ও র‍্যাব-৩-এর উপপরিদর্শক মো. মোস্তাফিজুর রহমান ফৌজদারি কার্যবিধির ১৭৩(ক) ধারা অনুযায়ী অন্তর্বর্তী প্রতিবেদন দেন। প্রতিবেদনে বলা হয়, মামলার ঘটনার সঙ্গে শেখ বশির উদ্দিনের কোনো সংশ্লিষ্টতা পাওয়া যায়নি এবং তাকে মামলার দায় থেকে অব্যাহতি দেওয়ার সুপারিশ করা হয়েছে।

উল্লেখ্য, জুলাই গণঅভ্যুত্থান চলাকালে গত বছরের ১৯ জুলাই রামপুরার সিএনজি স্টেশনের সামনে সোহান শাহ (৩০) গুলিতে আহত হন। পরে ২৮ আগস্ট চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। ১৯ সেপ্টেম্বর নিহতের মা, সুফিয়া বেগম, ঢাকার আদালতে মামলা দায়ের করেন। এজাহারে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ৫৭ জনের নাম উল্লেখ করা হয়, যার মধ্যে ৪৯ নম্বর আসামি হিসেবে ছিলেন 'শেখ বশির উদ্দিন ভূঁইয়া'।